

letters.ittfaq@gmail.com

বতাবতের জন্য সম্পাদক দায়ী ন



শিক্ষা মন্ত্রণালয় সমীপে

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ২০১৩-২০১৪ সেশনের উচ্চ মাধ্যমিক পর্যায়ে ভূগোল, অর্থনীতি, কৃষিশিক্ষা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT), যুক্তিবিদ্যা, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণনসহ আরো কয়েকটি বিষয়-নতুন পৃষ্ঠাসূচি অনুযায়ী সূজনশীল করা হয়। ইতোমধ্যে স্বাক্ষরিত বাজার থেকে বইগুলো সংগ্রহ করেছে এবং আমরা শিক্ষকরাও বইয়ের সিলেবাসের আদ্যোকে প্রায় ৪ মাস পাঠদান করেছি। কিন্তু এর মধ্যে জানতে পারলাম, এই বিষয়গুলোর প্রণীত সিলেবাসের আদ্যোকে সূজনশীল পদ্ধতিতে প্রচলিত হবে না। এই বিষয়ে সুনির্দিষ্ট কোনো পরিপত্র বা

বিজ্ঞপ্তিও প্রকাশ পায়নি যে আমরা ছেলেমেয়েদের সে আদ্যোকে দিক নির্দেশনা দেবো। অনেক কান্ডে ইতিমধ্যে প্রথম সেমিস্টার পরীক্ষা শুরু হয়েছে আবার অনেক কলেজে হবে। বর্তমান এই বইগুলোর সিলেবাসে যেমন পরিবর্তন এসেছে, তেমন প্রচলিত কাঠামো করা হয়েছে সূজনশীল আকারে। ফলে যঠিক নিয়মে পাঠদান সম্ভব হচ্ছে না। সূজনশীল পদ্ধতি যদি বাতিল বা স্থগিত করা হয় তাহলে আগের সিলেবাসে এবং প্রচলিত কাঠামোয় পাঠদান সম্ভব নয়। এ বিষয়ে জরুরিভিত্তিতে সুনির্দিষ্ট দিক নির্দেশনা প্রয়োজন। আমরা আশা করছি শিক্ষা মন্ত্রণালয় সে নির্দেশনা আমাদের আনাবে।

কাব্যরঞ্জন,
সরকারী অধ্যাপক, ভূগোল বিভাগ,
বুটিঘোড়া কলেজ, ভবানীপুর,
গাজীপুর